# LIDA Stories

lidastories.net

## নরওয়েতে আসা / Å komme til Noreg

✎ Aamiina
Julie Cornelia van Walsum
Tahmina Akter (bn), Espen Stranger-Johannessen (nn)

This work is licensed under a Creative Commons Attribution 4.0 International License.
https://creativecommons.org/licenses/by/4.0

## নরওয়েতে আসা

## Å komme til Noreg

✎ Aamiina
Julie Cornelia van Walsum
Tahmina Akter

5

বাংলা bn / nynorsk nn

আমি ও আমার দুই ভাই ২০১৬ সালের ডিসেম্বরে নরওয়েতে এসেছিলাম। আমরা গ্রীষ্মের পোশাক পরেছিলাম, কারণ আমরা ভেবেছিলাম সোমালিয়ার মতো নরওয়েতেও গরম থাকবে। কিন্তু আমরা যখন বিমানবন্দরে পৌঁছালাম, তখন তুষারপাত হচ্ছিল। আমাদের ঠান্ডা লাগছিল আর আবহাওয়া হিমশীতল ছিল। যদিও আমরা কয়েকটি স্যুটকেস নিয়ে এসেছিলাম, তবুও এগুলোর মধ্যে কেবল গরমের পোশাকই ছিল।

. . .

Dei to brørne mine og eg kom til Noreg i desember 2016. Vi hadde på oss sommarklede fordi vi trudde det ville vere like varmt i Noreg som i Somalia. Men då vi kom til flyplassen, snødde det. Vi fraus og vêret var kaldt. Sjølv om vi hadde med oss nokre koffertar, inneheldt dei berre sommarklede.

আমরা যখন নরওয়েতে এসেছিলাম, তখন আমি খুব খুশি হয়েছিলাম যদিও অনেক ঠান্ডা ছিল। অবশেষে আমি আমার মায়ের সাথে আবার দেখা করতে পারবো, যাকে আমি ছয় বছর ধরে দেখিনি। আমার মা ও তার দুই বন্ধু আমাদের সাথে দেখা করেছিলেন। আমরা যখন তাঁকে দেখলাম, আনন্দে কেঁদে ফেলেছিলাম। আমরা সেই ছোট শহরে চলে যাই, যেখানে মা থাকেন।

. . .

Sjølv om det var kaldt, var eg veldig glad då vi kom til Noreg. Eg kunne endeleg møte mamma att, som eg ikkje hadde sett på seks år. Mamma og to av venninnene hennar møtte oss. Då vi møtte mamma att, gret vi av glede. Mamma bur i ein liten by, så vi køyrde dit.

মায়ের শহরে প্রথম দিনগুলো খুবই অদ্ভুত ছিল। এখানে ঠান্ডা ছিল, তুষারপাত হচ্ছিল আর দেখার মতো খুব বেশি কিছু ছিল না। রাস্তাগুলো ছিল একেবারে ফাঁকা। আমি যে অল্প কয়েকজনের সাথে দেখা করেছিলাম, তারা শীতল ও বন্ধুত্বহীন বলে মনে হয়েছিল। সোমালিয়ায় সব জায়গায় লোকজন ছিল, তাই এখানে সবকিছু অপরিচিত মনে হয়েছিল। আমার মা ও তার বন্ধুরা আমাদের কিছু উপহার দিয়েছিলেন এবং তারপর তিনি আমাদের শীতের পোশাক কিনতে নিয়ে গিয়েছিলেন।

. . .

Dei første dagane i byen til mamma var veldig merkelege. Det var kaldt, det snødde og det var lite å sjå. Gatene var heilt folketomme. Dei få personane eg møtte, verka kalde og uvennlege. I Somalia er det folk overalt, så alt kjendest uvant her. Mammaa mi og venninnene hennar gav oss gåver, og ho tok oss med for å kjøpe vinterklede.



আমি যদি সোমালিয়ায় থাকতাম, আমার মনে হয় আমি এতদিনে মা হয়ে যেতাম। হয়তো আমার অনেক সন্তান থাকত। আমি যদি সোমালিয়ায় থাকতাম, তাহলে এখনকার মতো সুযোগ-সুবিধা পেতাম না। নরওয়েতে থাকতে পেরে আমি নিজেকে ভাগ্যবান মনে করি।

. . .

Viss eg framleis hadde budd i Somalia, hadde eg kanskje vore mor no. Kanskje eg hadde fått mange barn allereie. Viss eg hadde vore i Somalia, ville eg ikkje hatt dei same moglegheitene som eg har fått no. Eg føler meg heldig som bur i Noreg.

আগামী বছর আমি স্বাস্থ্য ও যুব উন্নয়ন বিভাগে মাধ্যমিক বিদ্যালয়ে পড়াশুনা শুরু করব। ভবিষ্যতে আমি একজন যুবকর্মী হতে চাই। আমি যখন আমার পড়াশোনা শেষ করব, তখন আমার স্বপ্ন একটি স্থায়ী চাকরি পাওয়া। আমি ড্রাইভিং শিখতে চাই এবং ড্রাইভিং লাইসেন্স পেতে চাই।

. . .

Neste år skal eg byrje på helse- og oppvekstfag på vidaregåande skule. I framtida vil eg bli barne- og ungdomsarbeidar. Når eg er ferdig med utdanninga mi, drøymer eg om å få meg ein fast jobb. Eg vil òg lære å køyre bil og ta førarkort.



বড়দিনের ছুটির পর আমি প্রাপ্তবয়স্কদের শিক্ষাকেন্দ্রে একটি নরওয়েজিয়ান কোর্সে যোগ দিয়েছিলাম। একটি সাধারণ স্কুলে পড়ার আগে আমি সেখানে দুই বছর পড়াশোনা করেছি। এখন আমি আমার শেষ বর্ষে আছি এবং আমি অনেক নতুন বন্ধু তৈরি করেছি। আমি খুব সামাজিক এবং অন্যান্য লোকজনের সাথে দেখা করতে পছন্দ করি।

. . .

Etter juleferien byrja eg på norskkurs på vaksenopplæringssenteret. Eg gjekk der i to år før eg byrja på ein vanleg skule. No går eg siste året, og eg har fått mange nye venner. Eg er veldig sosial og eg er glad i å møte andre.

স্কুলের পর আমি স্বেচ্ছাসেবকদের দ্বারা পরিচালিত একটি কেন্দ্রে যাই, যেখানে আমি আমার হোমওয়ার্কে সহায়তা পাই। ঐ কেন্দ্রে আমি একটি সেলাইয়ের কোর্সেও যোগ দিয়েছি।

. . .

Etter skulen drar eg til Frivilligsentralen for å få hjelp med leksene. Eg har òg byrja på eit sykurs der.



সোমালিয়ায় আমি কখনো স্কুলে যাইনি বা কুরআন স্কুল ছাড়া আর কোনো কোর্স করিনি। আমি পড়তে বা লিখতে জানতাম না। এখন আমি সোমালি ও নরওয়েজিয়ান উভয় ভাষায় অনেক বিষয়ে লিখতে শিখেছি। শিক্ষা ছাড়া আমার মনে হতো আমি কেউ নই। এখন আমার নিজেকে জ্ঞানী ও সুখী মনে হয়।

. . .

I Somalia fekk eg aldri moglegheit til å gå på skule eller ta eit kurs, bortsett frå koranskule. Eg kunne ikkje lese eller skrive. No har eg lært å skrive på både somali og norsk, og mange andre fag. Utan utdanning følte eg at eg ikkje var nokon. No føler eg meg kunnskapsrik og glad.